

৩৮। বাজেয়াপ্তকরণ।— যদি —

(১) কোন নিবন্ধনযোগ্য ব্যক্তি নিবন্ধিত হওয়ার পূর্বে কোন করযোগ্য পণ্য<sup>১</sup> প্রস্তুত বা উৎপাদন করেন বা করযোগ্য পণ্যের ব্যবসায় নিয়োজিত হন, তাহা হইলে উক্ত পণ্য বাজেয়াপ্তযোগ্য হইবে, অথবা

<sup>২</sup>(২) কোন নিবন্ধিত ব্যক্তি —

(ক) কোন করযোগ্য পণ্য চালানপত্র ব্যতিরেকে ব্যবসায় অঙ্গন হইতে অপসারণ করেন, বা

<sup>৩</sup>[(কক) চালানপত্রে প্রদর্শিত কর অথবা সংশ্লিষ্ট পণ্য বা সেবার উপর প্রযোজ্য কর পরিশোধ ব্যতীত পণ্য সরবরাহ বা সেবা প্রদান করেন; বা]

(খ) করযোগ্য এইরূপ কোন পণ্য চালানপত্র সহ ব্যবসায় অঙ্গন হইতে অপসারণ করেন যাহার গন্তব্য স্থান পর্যন্ত উক্ত চালানপত্র উহার সহিত না থাকে, বা

(গ) ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ বর্ণিত বিধান প্রতিপালন ব্যর্থ হন,

তাহা হইলে উক্ত পণ্য বাজেয়াপ্তযোগ্য হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি, তাহার প্রতিনিধি বা উক্তরূপ কর্মকান্ডের সহিত জড়িত যে কোন ব্যক্তিকে উক্ত পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর, বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্মূরক শুল্কের<sup>৪</sup> [অনন্নি সমপরিমাণ এবং অনূর্ধ্ব আড়াই গুণ] পরিমাণ অর্থ প্রদান করিতে হইবে।]

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(১১) বলে "প্রস্তুত বা উৎপাদন করেন" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

<sup>২</sup>। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৫ বলে উপ-ধারা (২) এর পরিবর্তে উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে।

<sup>৩</sup>। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৬ বলে ধারা ৩৮ এর উপ-ধারা(২) এর দফা (ক) এর পর নূতন দফা (কক) সন্নিবেশিত।

<sup>৪</sup>। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৫ বলে শেষাংশে দুইবার উল্লিখিত "অন—্যন পঁচিশ শতাংশ এবং অন—র্ধ্ব পঁচাত্তর শতাংশ" শব্দগুলির পরিবর্তে "অন—্যন সমপরিমাণ এবং অন—র্ধ্ব আড়াই গুণ" শব্দগুলি প্রতিস্থাপিত।